# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯১১

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

আরবী

وَعَنْ أَبِي ذَرٍّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ: «تَبسُّمُكَ فِي وَجْهِ أَخِيك صَدَقَة وأمرك بِالْمَعْرُوف صدَقَة ن وَنَهْيُكَ عَنِ الْمُنْكَرِ صَدَقَةٌ وَإِرْشَادُكَ الرَّجُلَ فِي أَرْضِ الضَّلَالِ لَكَ صَدَقَةٌ وَنَصْرُكَ الرَّجُلَ الرَّدِيءَ الْبَصَرِ لَكَ صَدَقَةٌ وَإِمَاطَتُكَ الْحَجَرَ وَالشَّوْكَ وَالْعَظْمَ عَنِ الطَّرِيقِ لَكَ صَدَقَةٌ وَإِفْرَاغُكَ مِنْ دَلْوِكَ فِي دَلْوِ أَخِيكَ لَكَ صَدَقَةٌ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

বাংলা

১৯১১-[২৪] আবূ যার গিফারী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমার ভাইয়ের সামনে হাসি মুখে আগমন করা সদাক্বাহ্ (সাদাকা), নেক কাজ নির্দেশ, খারাপ কথাবার্তা হতে বিরত থাকা তোমার জন্য সদাক্বাহ্ (সাদাকা), পথহারা প্রান্তরে কোন মানুষকে পথ বলে দেয়া, কোন অন্ধ বা দুর্বল দৃষ্টিশক্তির মানুষকে সাহায্য করা সদাক্বাহ্ (সাদাকা), পথের কাঁটা বা হাড় সরিয়ে দেয়া, নিজের বালতি থেকে অন্য কোন ভাইয়ের বালতিতে পানি দিয়ে ভরে দেয়া তোমার জন্য সদাক্বাহ্ (সাদাকা)। (তিরমিযী; তিনি বলেন, এ হাদীসটি গরীব)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিযী ১৯৫৬, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৫৭২, সহীহ আত্ তারগীব ২৬৮৫, সহীহ আল জামি‘ ২৯০৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: তাবাসসুম (تَبَسُّمٌ) বা মুচকি হাসি ঐ হাসিকে বলে যে হাসিতে দাঁত দেখা যায় কিন্তু কোন আওয়াজ হয় না। যে হাসিতে হালকা আওয়াজ হয় যা নিকটবর্তী লোকজন শুধু শুনতে পায় সে হাসিকে সাধারণ হাসি বলে।

আর যে হাসির আওয়াজ এতটা জোরে হয় যে দূরবর্তী লোকজনও শুনতে পায় সে হাসিকে কহকহ্ (قهقهة) বা অট্টহাসি বলে।

কোন দীনী ভাই-এর সাথে হাসিমুখে সাক্ষাৎ করলে সেরূপ সাওয়াব পাবে যেরূপ সাওয়াব পাওয়া যেত তাকে কিছু দান করলে। মা‘রূফ ঐ কাজকে বলে যে কাজকে শারী‘আত ও মানববুদ্ধি সুন্দর বলে মনে করে। আর মুনকার ঐ কাজকে বলে যে কাজকে শারী‘আত ও মানববুদ্ধি সুন্দর বলে মনে করে না বরং খারাপ মনে করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56471

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন